

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনর্নির্মাণ কনোবাড়ি, গাজীপুর

রুম নং-৮০৮

ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নং: ৪১.০১.০০০০.০৯১.০৭.০০১.২১.৫৩

তারিখ: ২৪/০৫/২০২১ খ্রি.  
১০ জৈষ্ঠ ১৪২৮ বাং

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন “দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনর্নির্মাণ কনোবাড়ি, গাজীপুর” শীর্ষক প্রকল্পের আওতায় পিআইইউ এর জন্য নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের নিমিত্ত সরকারি বিধি মোতাবেক সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) শুধু প্রকল্পের মেয়াদকালীন (জুন-২০২২) সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	হিসাবরক্ষক	১৬	স্কেল (৯৩০০)	০১ (এক) টি	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (বাণিজ্য বিভাগ) (খ) কোন সরকারি/প্রকল্পে হিসাবরক্ষক হিসেবে কমপক্ষে ০২ বছরে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২.	অফিস সহকারী কাম কম্পিউটার	১৬	স্কেল (৯৩০০)	০১ (এক) টি	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত (গ) কোন সরকারি/প্রকল্পে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর হিসেবে কাজ করার ন্যূনতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ টাইপ করার গতি থাকতে হবে এবং Operators Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে। (ঙ) প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০১। আবেদনপত্র আগামী ০৮/০৬/২০২১ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনর্নির্মাণ কনোবাড়ি, গাজীপুর প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, কক্ষ নং ৮০৮, ৮ম তলা, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, এই ঠিকানায় ডাক/কুরিয়ার যোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। সাদা কাগজে লিখিত আবেদনপত্র নিম্নলিখিত বিবরণ ও কাগজপত্রাদিসহ উল্লিখিত ঠিকানায় পৌছাতে হবে: (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, (চ) জন্ম তারিখ, (ছ) ৩১/০৩/২০২১ খ্রি. তারিখে বয়স, (জ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (ঝ) জাতীয় পরিচয়পত্র, (ঞ) চারিত্রিক সনদপত্র, (ট) নাগরিকত্ব সনদপত্র, (ঠ) অভিজ্ঞতার সনদপত্র (ড) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং (ঢ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি। ছবি ও সকল সনদপত্রের ছায়াছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।

০৩। ৩১/০৩/২০২১ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে। প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা কোটার আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। সমাণ্ড প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখের সম/সওব্য/টিম-১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য।

০৭। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

০৮। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের মূল অনুমতি পত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ০৬ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। আবেদনপত্রের সাথে সকল প্রার্থীকে প্রকল্প পরিচালক, দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনর্নির্মাণ কনোবাড়ি, গাজীপুর শীর্ষক প্রকল্প বরাবর সোনালী ব্যাংক এর যে কোনো শাখা থেকে সোনালী ব্যাংক লিমিটেড, আগারগাঁও শাখা, ঢাকা এর অনুকূলে ২০০.০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে। নিয়োগ পরীক্ষায় (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ ইন্টারভিউ কার্ড ইস্যু কিংবা বর্ণিত পদ পূরণে বাধা নয়।

১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনপত্র গ্রহণ, বাছাই, বাতিল কিংবা অনিবার্য কারণবশত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

U.K. Siddiqua  
24.05.21

(উম্মুল খায়ের সিদ্দিকা)

প্রকল্প পরিচালক

দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনর্নির্মাণ

কনোবাড়ি, গাজীপুর প্রকল্প

ই-মেইল- ummul.siddiqua@gmail.com